**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 24 May 2025** **TIME: 7:35 AM**

---

উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত করতে নবীকরণযোগ্য শক্তিখন্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে নতুন ও নবীকরণযোগ্য শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী জানিয়েছেন । নতুন দিল্লীতে অনুষ্ঠিত রাইজিং নর্থ-ইষ্ট বিনিয়োগকারী সম্মলনে শক্তিশালী ভারতের জন্য সবুজ উত্তর-পূর্ব , নবীকরণযোগ্য শক্তির উন্নয়ন বিষয়ক মন্ত্রী পর্যায়ের অধিবেশনে ভাষণ প্রসঙ্গে শ্রী যোশী একথা জানান । তিনি বলেন যে বিগত ১১ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তর-পূর্বে অভুতপূর্ব উন্নয়ন পপরিলক্ষিত হয়েছে । মন্ত্রী আরো বলেন যে উত্তর-পূর্বে অব্যবহৃত নবীকরণযোগ্য শক্তির প্রচুর সম্পদ রয়েছে ।উত্তর-পূর্বের পরিবতন তথা এর সম্ভাবনাসমূহ ব্যাবহারের ক্ষেত্রে অংশগ্রহণ তথা বিনিয়োগের জন্য এগিয়ে আসতে শ্রী যোশী শিল্পপতি তথা বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান ।

---

সমগ্র রাজ্যে বন্যা প্রতিরোধে ৬০ থেকে ৭০ শতাংশ কাজ সম্পূর্ন হয়েছে ও আগামীদিনে রাজ্যের ৪ হাজার ৫০০ কিলোমিটার বাঁধে একটি করে

জিও মেগা টিউব স্থাপন করে বাঁধগুলি সম্পূর্নভাবে সুরক্ষিত করে তোলা হবে । ।জলসম্পদ বিভাগ ও  আই আই টি গৌহাটীর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা  একথা জানান ।
রাজ্যে চলতি বছরের বন্যা প্রতিরোধে ২৫০ কিলোমিটার বাঁধ নির্মাণ করা হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে বাঁধগুলিতে যাতে বর্ষার দিনে ফাটল  দেখা না দেয় সেজন্য অত্যাধুনিক পদক্ষেপ  গ্রহণ করা হয়েছে ও নির্মিত বাঁধগুলির নীচের দিকে একটি করে জিও মেগা টিউব লাগানো হয়েছে । বন্যার জলে মেগা টিউবের ওপরে থাকা মাটির কিছু অংশ সরে গেলেও এই মেগা টিউব বাঁধের ভাঙ্গন  রোধ করতে পারবে বলে মন্ত্রী জানান ।

---

কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা খাদ্য ও গণবন্টন প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামনিয়া তিনদিনের সফেরসূচী নিয়ে আগামী সোমবার হাইলাকান্দি আসছেন । তিনি ওইদিন হাইলাকান্দি পৌঁছে সন্ধ্যায় লালাবাজারে ভারতীয় খাদ্য নিগমের খাদ্য সামগ্রী সংগ্রহশালা পরিদর্শন করবেন । এরপর তিনি জেলা আয়ুক্তের সভাকক্ষে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন । তিনি আগামী মঙ্গল ও বুধবার হাইলাকান্দিতে অবস্থান করে সমাজ কল্যাণ ,স্বাস্থ্য ,কৃষি ,শিক্ষা , ভেটেনারি ,জীবিকা মিশন ইত্যাদি বিভাগের প্রকল্পের বাস্তবায়ন সরেজমিনে খতিয়ে দেখবেন । কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বুধবার ফিরে যাবেন ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিনগুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে  জনসাধারণকে পরিচয়  করিয়ে দিতে আকাশবানীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে । এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপত্যকার প্রাক্তন সৈনিক , তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত প্রচারের প্রয়াস করা হচ্ছে ।  এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে হাইলাকান্দি সিভিল হাসপাতালের অধ্যক্ষ ডাক্তার দেবব্রত দত্ত আমাদের হাইলাকান্দি সংবাদদাতাকে জানিয়েছেন ------- **বাইট**

---

শিলচর হাইলাকান্দি ও শ্রীভূমি জেলা নিয়ে নন্দিনী সাহিত্য ও পাঠচক্রের ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে আগামী রবিবার শিলচর সংগীত বিদ্যালয়ে কৃষ্ণচূড়া উৎসবের আয়োজন করা হয়েছে । ঐদিন সকাল সাড়ে দশটায় অনুষ্ঠান শুরু হবে । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড: বিশ্বতোষ চৌধুরী এবং লালা কলেজের বাংলা বিভাগের অধ্যাপক ড; লক্ষ্মী নাথ আলোচনায় অংশ নেবেন । এছাড়া রয়েছে #কবিতা তোমাকে নিয়ে বহুদূর # শীর্ষক কবিতা পাঠের আসর এবং  শিলচরের  কথা বাকশিল্প চর্চাকেন্দ্রের শিল্পীদের সমবেত কণ্ঠে কবিতা পাঠ ।

---

বদরপুর নবীন চন্দ্র কলেজের স্টুডেন্টস ইউনিয়নের পক্ষ থেকে বৃহস্পতি বার কাটিগরা চক্র আধিকারীক কাছে একটি স্মারকপত্র প্রদান করা হয়েছে। গ্যমন সেতু সংস্কারের জন্য বন্ধ থাকায় বৃহত্তর কাটিগরার

সাথে বদরপুর ও পার্শ্ববর্তী এলাকার যোগাযোগ ব্যবস্থা অবিলম্বে সহজ করে তুলতে ফেরী পরিষেবা উন্নত করার দাবী জানানো হয়েছে। স্মারক পত্রে ফেরী পরিষেবায় যাত্রী নিরাপত্তার বিষয়টিতে গুরুত্ব দিতেও দাবী জানানো হয়েছে।

---

শ্রীভূমি জেলার দক্ষিণ শ্রীভূমি টেরিটরিয়াল রোড সাব ডিভিশনের সহকারী নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে লঙ্গাই চান্দখানি সড়কে সবধরণের ভারী যানবাহন চলাচল সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে । গত কয়েক দিনের অবিরাম বৃষ্টির জন্য আর-সি-সি ব্রীজ দুই বাই একের বা দিকের অংশ ভূমি ধ্বসের ফলে ক্ষতিগ্রস্থ হওয়ায় গতকাল থেকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত ওই সড়ক দিয়ে সর্বাধিক ১০ টন ভারী যান চলাচল বন্ধ থাকবে । ভরী যান চলাচলের জন্য বিকল্প সড়ক হিসেবে লঙ্গাই-শ্যামা প্রসাদ সড়ক ব্যবহার করার কথা বলা হয়েছে ।

---